# বাংলায় লিঙ্গবৈচিত্রের শব্দগুচ্ছ

## SEXUAL DIVERSITY RELATED TERMS IN BANGLA

BAIDYA & RAHMAN

INCLUSIVE BANGLADESH
... including human rights

# বাংলায় লিঙ্গবৈচিত্রের শব্দগুচ্ছ
## SEXUAL DIVERSITY RELATED TERMS IN BANGLA

LGBTIQ ADVOCACY PROJECT
INCLUSIVE BANGLADESH

T.K. BAIDYA & M. R. RAHMAN

# বাংলায় লিঙ্গবৈচিত্রের শব্দগুচ্ছ
# SEXUAL DIVERSITY RELATED TERMS IN BANGLA

First Edition: March 2019

Copyright © 2019 by Inclusive Bangladesh

Published By

Inclusive Bangladesh
under LGBTIQ Advocacy Project

ISBN 978-984-34-9272-2

Inclusive Bangladesh is an unregistered youth led community organization, located in Bangladesh, dedicated to promote gender equality, diversity, global citizenship, religious literacy, no hate speech, countering/preventing violent extremism, quality education and peace building.

All rights reserved. No part of this publication may be reproduced, distributed, or transmitted in any form or by any means, including photocopying, editing, or other electronic or mechanical methods, without the prior written permission of the publisher.

There can be an except in the case of brief quotations embodied in critical reviews and certain other noncommercial uses permitted by copyright law. For permission requests, write to the publisher, addressed “Attention: Project Director,” at the email address below.

info.inclusivebd@gmail.com

Obtaining Information

This book is a free publication and can be used in any youth advocacy purposes and or in case of training and research. A digital version of this book can be found in the following website. Please ensure the font Nirmala UI in your system to view Bangla fonts in digital version of this book.

www.inclusivebd.weebly.com

Printed in Dhaka, Bangladesh

## PREFACE

It is our immense pleasure to present this book to the general readers, in view of enhancing knowledge on terms related to sexual health and diversity among Bangladeshi LGBTIQ community, social workers, as well as people who are interested in learning more about this community.

As LGBIQ community and their rights are still not recognized in Bangladesh, it is true that there is a large number of populations, across the country, is part of this community. As the community members are growing, exchange of information about the community, their viewpoints and activities are also growing day by day.

Besides the gap of the recognition of LGBIQ community, there are growing numbers of linguistic gaps have been observed. There are many terms, related to the LGBTIQ community and activity, in English or other languages of different countries that are visible, where we see very limited numbers of Bangla words that are related to this community. These gaps in LGBTIQ related languages are creating barriers to understand the community better and hindering the process of delivering sexual and reproductive health among the LGBTIQ community. Besides, people who deny the existence of LGBTIQ community and refer to these linguistic gaps, in support to their viewpoints, can be also rectified spontaneously.

We hope, this book will be helpful for grass root level social workers, youths, LGBTIQ members and general interested readers, those have limited knowledge on English terminology, to enhance their knowledge. Also, we firmly believe that; this book will help abolishing the stereotypes that we have in Bangladesh, on LGBTIQ community and create alternative narratives to weaken the others who deny the existence and rights of LGBTIQ Community.

We would like to thank The Commonwealth and its Faith in the Commonwealth project and Commonwealth Youth Peace Ambassadors Network (CYPAN) to be the support and inspiration behind this work.

## মুখবন্ধ

বাংলাদেশের সকল নিবেদিতপ্রাণ সমাজকর্মী, প্রথাগত দুই লিঙ্গের বাইরে বিভিন্ন লিঙ্গ পরিচয়ে পরিচিত হতে চাওয়া ব্যক্তিগন, এলজিবিটিআইকিউ সম্প্রদায় এবং লিঙ্গ বৈচিত্র্যতা সম্পর্কে আগ্রহী পাঠকগণ যারা এই বিষয়ে আরো বেশি অনুধাবন করতে চান; তাদের জন্য বইটি প্রকাশ করতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত।

সমগ্র দেশজুড়ে জনগোষ্ঠীর বেশ উল্লেখযোগ্য একটি অংশ এলজিবিটিআইকিউ সম্প্রদায়ের অন্তর্গত বলে ধারণা করা হয় যদিও, বাংলাদেশে এলজিবিটিআইকিউ জনগোষ্ঠীর অস্তিত্ব এবং অধিকারসমূহ এখনো স্বীকৃত নয়। তারপরও এই সম্প্রদায়ের মানুষের মধ্যে যোগাযোগ বৃদ্ধির সাথে সাথে সম্প্রদায় সম্পর্কে তাদের পারস্পরিক তথ্য আদানপ্রদান, চিন্তাভাবনা ও মতামত প্রকাশের ধরণ এবং কর্মকাণ্ড ও বৃদ্ধি পাচ্ছে।

এলজিবিটিআইকিউ জনগোষ্ঠীর স্বীকৃতি প্রদানের ভিন্নমুখিতা থাকার পাশাপাশি, এই সম্প্রদায়ের ভাষাগত দিক থেকেও বেশ পিছিয়ে থাকার উদাহরণ পাওয়া যায়। ইংরেজি এবং অন্যান্য অনেক ভাষায়, এলজিবিটিআইকিউ সম্প্রদায়ের বিবরণ এবং কার্যবিধি সম্পর্কিত অনেক রকম শব্দ পরিলক্ষিত হয়, যার মাধ্যমে লিঙ্গ বৈচিত্র্যতার স্বকীয়তা প্রকাশ সহায়ক হয়। কিন্তু বাংলা ভাষার শব্দভাণ্ডারে এসব শব্দের অর্থ বা পারিভাষিক শব্দের সমাহার অপ্রতুল। এলজিবিটিআইকিউ সম্প্রদায় সম্পর্কিত শব্দের ভাষাগত কিছু জটিলতার কারণে তাদের চাহিদা ও অধিকারবিষয়ক বক্তব্যগুলো বুঝতে এবং প্রয়োজনমাফিক প্রজনন স্বাস্থ্য জনিত চিকিৎসা প্রদানেও নানাবিধ বাধার সম্মুখীন হতে হচ্ছে। উপযুক্ত শব্দের অভাবে, এলজিবিটিআইকিউ সম্প্রদায়ের অস্তিত্বের বিরোধিতাকারী লোকজনও তাদের বক্তব্যকে শক্ত ভিত্তি দেওয়ার কারন খুঁজে পাচ্ছে। তাই বর্তমান সময়ের প্রেক্ষাপটে লিঙ্গ নির্বিশেষে সকল মানুষের অধিকার রক্ষায় লিঙ্গ বৈচিত্র্যতা বিষয়ক সকল শব্দের বাংলা অনুবাদের বিকল্প নেই।

আমরা আশা রাখি তৃণমূল পর্যায়ের সমাজকর্মী, তরুণ সমাজ, এলজিবিটিআইকিউ সম্প্রদায়ের ব্যক্তিবর্গ, সাধারণ পাঠক সমাজ, এবং এ বিষয় সম্পর্কিত ইংরেজি শব্দসমূহের বাংলা পারিভাষিক শব্দ সম্পর্কে আগ্রহী ব্যক্তিদের জ্ঞানের পরিধি বিকাশে এই বইটি উল্লেখযোগ্য ভূমিকা রাখবে। আমরা এটাও বিশ্বাস করি এলজিবিটিআইকিউ সম্প্রদায় সম্পর্কে বাংলাদেশে প্রচলিত ধ্যানধারণা দূরীকরণে বইটি উল্লেখযোগ্য ভূমিকা রাখবে। একই সাথে কিছু বিকল্প চিন্তাধারা প্রণয়নের মাধ্যমে সমাজে বিদ্যমান এলজিবিটিআইকিউ সমাজের অস্তিত্ব ও অধিকারের বিরোধিতাকারীদের যুক্তিগুলোকে দুর্বল করতে সহায়তা করবে।

এই বইটি প্রকাশের মাহেন্দ্রক্ষণে, আমরা কমনওয়েলথ এবং এর চলমান ফেইথ ইন দ্য কমনওয়েলথ প্রোজেক্টকে এবং কমনওয়েলথ ইয়ুথ পিস অ্যামব্যাসাডরস নেটওয়ার্ক (সাইপ্যান) কে তাদের নিয়মিত সহযোগিতা এবং উৎসাহ প্রদানের জন্য আন্তরিকতার সাথে ধন্যবাদ জ্ঞাপন করছি।

# সূচী
Table of Content


| ক্রম<br>Number | বিষয়<br>Topic | পাতা<br>Page |
|---|---|---|
| 1 | অঙ্গপ্রত্যঙ্গ, জননতন্ত্র এবং জীবনের বিভিন্ন পর্যায়ের শব্দ<br>Terminologies Related to Organs, Reproductive System & Life Stages | 1 |
| 2 | লিঙ্গ পরিচয়ে ব্যবহৃত শব্দ<br>Gender Identity Related Terms | 3 |
| 3 | যৌনাচারের প্রবণতা সম্পর্কিত শব্দ<br>Sexual Orientation Related Term | 6 |
| 4 | মানসিক অবস্থা এবং আবেগজনিত ব্যবহারের পরিচায়ক শব্দ<br>Mental Conditions & Expressions of Non Sexual Behavior Related Terms | 8 |
| 5 | যৌন সংসর্গের সাথে সংশ্লিষ্ট শব্দ<br>Sexual Intercourse Related Terms | 9 |
| 6 | যৌন স্বাস্থ্য সম্পর্কিত শব্দ<br>Sexual Health Related Terms | 13 |
| 7 | যৌন স্বাস্থ্য সম্পর্কিত শব্দ<br>Sexual Health Related Terms | 14 |
| 8 | সামাজিক বিষয়াবলী সম্পর্কিত শব্দ<br>Social Issues Related Terms | 15 |
| 9 | বাংলাভাষী তৃতীয় লিঙ্গের আঞ্চলিক শব্দ<br>Regional Terms of Bangla Speaking Transgender People | 21 |

## Terminologies Related to Organs, Reproductive System & Life Stages
## **অঙ্গপ্রত্যঙ্গ, জননতন্ত্র এবং জীবনের বিভিন্ন পর্যায়ের শব্দ**

| ইংরেজি শব্দ<br>English Word | বাংলা উচ্চারণ<br>Bengali Pronunciation | শব্দার্থ<br>Bengali Meaning |
|---|---|---|
| Adolescence | অ্যাডোলোসেন্স | বয়ঃসন্ধিকাল |
| Anal Canal | অ্যানাল ক্যানাল | পায়ুপথ |
| Anus | অ্যানাস | পায়ু |
| Biological Sex | বায়োলজিক্যাল সেক্স | শরীরগতভাবে লৈঙ্গিক পরিচয় |
| Body | বডি | শরীর |
| Boobs | বুবস | স্তন |
| Butt cheeks | বাট চিকস্ | নিতম্বের দুই পাশের মাংসল অংশ |
| Buttocks | বাটকস্ | নিতম্বের বিকশিত অংশ |
| Chest | চেস্ট | বুক |
| Chromosome | ক্রোমোসোম | বীর্যের ভিতর সুতারূপ বস্তু |
| Clitoris | ক্লিটোরিস | নারী যৌনাঙ্গের সংবেদনশীল অংশ |
| Endosex | এন্ডোসেক্স | জন্মগতভাবে নির্দিষ্ট একটি লিঙ্গপরিচয়ের অধিকারী |
| Excreta | এক্সক্রিটা | মানবদেহ থেকে নির্গত বর্জ্য পদার্থ |
| Female Sex | ফিমেল সেক্স | জন্মগতভাবে স্ত্রী |
| Female Sexual Organ | ফিমেম সেক্সুয়াল অর্গান | স্ত্রী জননাঙ্গ |
| Intersex | ইন্টারসেক্স | জন্মগতভাবে নির্দিষ্ট কোন লিঙ্গপরিচয়ের অন্তর্ভুক্ত না হওয়া |
| Groin | গ্রোইন | কুঁচকি |
| Labia Majora | ল্যাবিয়া মেজোরা | বৃহদোষ্ঠ |
| Labia Minora | ল্যাবিয়া মাইনোরা | ক্ষুদ্রোষ্ঠ |
| Male Sex | মেল সেক্স | জন্মগতভাবে পুরুষ |
| Male Sexual Organs | মেল সেক্সুয়াল অরগানস | পুরুষ জননাঙ্গ |
| Menstruation | মেন্সট্রুয়েশন | মাসিক |
| Male to Female (MTF) | মেল টু ফিমেল | রূপান্তরিত নারী |
| Nipple | নিপল | স্তনবৃন্ত |
| Organ | অরগান | অঙ্গপ্রত্যঙ্গ |

| ইংরেজি শব্দ<br>English Word | বাংলা উচ্চারণ<br>Bengali Pronunciation | শব্দার্থ<br>Bengali Meaning |
|---|---|---|
| Ovary | ওভারি | জরায়ুর অভ্যন্তরে ডিম্বাশয় |
| Ovary Eggs | ওভারি এগস্ | ডিম্বাশয় থেকে প্রজননের লক্ষ্যে পরিণত কোষসমূহ |
| Penis | পেনিস | শিশ্ন/ পুরুষাঙ্গ |
| Pubic Hair | পিউবিক হেয়ার | যৌনাঙ্গের/ গোপনাঙ্গের লোম |
| Rectum | রেক্টাম | মলদ্বার |
| Reproductive System | রিপ্রোডাকটিভ সিস্টেম | প্রজনন তন্ত্র |
| Semen | সিমেন | বীর্য |
| Sex | সেক্স | লিঙ্গ, যৌনক্রিয়া |
| Sexual | সেক্সচুয়াল | যৌনতাবিষয়ক |
| Sexual Organs | সেক্সচুয়াল অরগানস | যৌনক্রিয়ায় ব্যবহৃত অঙ্গসমূহ |
| Sperm | স্পারম | শুক্রাণু |
| Teenage | টিনএজ | কৈশোর |
| Testes | টেস্টিস | অণ্ডকোষ |
| Urethra | ইউরেথ্রা | মূত্রনালি |
| Urinary Bladder | ইউরিনারি ব্লাডার | মূত্রাশয় |
| Urine | ইউরিন | মূত্র |
| Uterus | ইউটেরাস | জরায়ু |
| Vagina | ভ্যাজাইনা | যোনি |
| Vaginal Opening Area | ভ্যাজাইনাল ওপেনিং এরিয়া | যোনিদ্বার |
| Young Adulthood | ইয়ং অ্যাডাল্টহুড | কৈশোর থেকে যৌবনে পদার্পণের সন্ধিক্ষণ |
| Youth | ইয়ুথ | তারুণ্য |
| Youth (Feminine) | ইয়ুথ (ফেমিনিন) | যুবক |
| Youth (Masculine) | ইয়ুথ (ম্যাস্কুলিন) | যুবতী |

| ইংরেজি শব্দ<br>English Word | বাংলা উচ্চারণ<br>Bengali Pronunciation | শব্দার্থ<br>Bengali Meaning |
|---|---|---|
| Agender | অ্যাজেন্ডার | নির্দিষ্ট কোন লিঙ্গপরিচয়ে অন্তর্ভুক্ত না হওয়া |
| Androgyny | অ্যান্ড্রোজিনি | নারী ও পুরুষ উভয়ের চারিত্রিক শারীরিক বৈশিষ্ট্যের সমন্বয়ে গঠিত লৈঙ্গিক পরিচয় |
| Androgyne | অ্যান্ড্রোজাইন | নারী ও পুরুষ উভয়ের চারিত্রিক শারীরিক বৈশিষ্ট্যের সমন্বয়ে গঠিত ব্যক্তি |
| Androgynous | অ্যান্ড্রোজাইনাস | নারী ও পুরুষ উভয়ের চারিত্রিক শারীরিক বৈশিষ্ট্যের সমন্বয়ে গঠিত আচার আচরণ |
| Bigender | বাইজেন্ডার | পরিস্থিতি/ অনুভূতি অনুযায়ী দুই বিপরীত লিঙ্গের |
| Cisgender | সিসজেন্ডার | জন্মগতভাবে যারা স্বাভাবিক নারী ও পুরুষ লিঙ্গের অধিকারী এবং এখনও জন্মগত লিঙ্গেই বিদ্যমান |
| Demigender | ডেমিজেন্ডার | নির্দিষ্ট লিঙ্গ পরিচয়ে আবদ্ধ না হওয়া ব্যক্তির কোন একটি নির্দিষ্ট লিঙ্গের আচার আচরণের কিছু বৈশিষ্ট্যের অধিকারী হওয়া |
| Demiboy | ডেমিবয় | নির্দিষ্ট লিঙ্গ পরিচয়ে আবদ্ধ না হওয়া ব্যক্তির পুরুষ লিঙ্গের প্রচলিত আচার আচরণের কিছু বৈশিষ্ট্যের অধিকারী হওয়া |
| Demigirl | ডেমিগার্ল | নির্দিষ্ট লিঙ্গ পরিচয়ে আবদ্ধ না হওয়া ব্যক্তির স্ত্রী লিঙ্গের প্রচলিত আচার আচরণের কিছু বৈশিষ্ট্যের অধিকারী হওয়া |
| Drag | ড্র্যাগ | পুরুষের দ্বারা নারীর ন্যায় পোশাক ও মেকআপের অতিরঞ্জিত পরিধান |
| Effeminate | এফেমিনেট | মেয়েলী |
| Enby | এনবি | লিঙ্গ পরিচয়ে দোদুল্যমান ব্যক্তির সম্বোধনের পরিভাষা |
| Femininity | ফেমিনিনিটি | নারীত্ব |
| Gender Binary | জেন্ডার বাইনারি | দুইটি বিপরীত লিঙ্গে লিঙ্গ পরিচয়কে ভাগ করা |
| Gender Expression | জেন্ডার এক্সপ্রেশন | লিঙ্গ পরিচয় প্রকাশের ধরণ |
| Gender Identity | জেন্ডার আইডেন্টিটি | লিঙ্গ পরিচায়ক |

| ইংরেজি শব্দ<br>English Word | বাংলা উচ্চারণ<br>Bengali Pronunciation | শব্দার্থ<br>Bengali Meaning |
|---|---|---|
| Gender Fluid | জেন্ডার ফ্লুইড | একজন ব্যক্তি যিনি নিজেকে নারী বা পুরুষ বা তৃতীয় লিঙ্গের কোনোটিই মনে করেন না |
| Gender Neutral | জেন্ডার নিউট্রাল | কোন নির্দিষ্ট লিঙ্গ পরিচয়ে অন্তর্ভুক্ত না হওয়া |
| Gender Non-Conforming | জেন্ডার নন কনফর্মিং | প্রচলিত লৈঙ্গিক আচার আচরণের সাথে ভিন্নমত পোষণকারী |
| Gender Norms | জেন্ডার নর্মস | নির্দিষ্ট লিঙ্গের কাঙ্ক্ষিত/ চিরাচরিত আচার আচরণ |
| Gender Queer | জেন্ডার কুইয়ার | নির্দিষ্ট কোন লিঙ্গ পরিচয়ে আবদ্ধ না রাখা |
| Gender Questioning | জেন্ডার কোয়েশচনিং | লিঙ্গ পরিচয় বিষয়ে অনুসন্ধান করা এবং বিভিন্ন কারণে কোন নির্দিষ্ট লিঙ্গ পরিচয়ে আবদ্ধ না হওয়া |
| Gender Roles | জেন্ডার রোলস | প্রচলিত প্রথানুযায়ী নির্দিষ্ট লিঙ্গের আচার আচরণ |
| Gender Specific | জেন্ডার স্পেসিফিক | কোন নির্দিষ্ট লিঙ্গের জন্য প্রযোজ্য নিয়মাবলী |
| Gender Stereotype | জেন্ডার স্টেরিওটাইপ | নির্দিষ্ট লিঙ্গের আচার আচরণের চিরাচরিত/ বাঁধাধরা নিয়মকানুন |
| Gender Trinary | জেন্ডার ট্রাইনারি | লিঙ্গ পরিচয়কে তিন ভাগে ভাগ করা |
| Ipso gender | ইপ্সো জেন্ডার | জন্মকালীন লিঙ্গ পরিচয়ে পরিচিতি |
| Man | ম্যান | পুরুষ |
| Manly | ম্যানলি | পুরুষোচিত |
| Masculinity | ম্যাস্কুলিনিটি | পৌরুষ |
| Metrosexual Man | মেট্রোসেক্সচুয়াল ম্যান | বিপরীত লিঙ্গের প্রতি আকর্ষিত পুরুষ যিনি নারী ও সমকামীদের মত কেনাকাটা, পোশাক পরিধান, ফ্যাশন প্রভৃতি বিষয়ে আচ্ছন্ন |
| Non binary | নন বাইনারি | নির্দিষ্ট কোন লিঙ্গ পরিচয়ে আবদ্ধ না রাখা |
| Tomboy | টমবয় | যে নারী পুরুষের বেশভূষা ও আচরণমাফিক চলে |
| Transfeminine | ট্রান্সফেমিনিন | রূপান্তরিত ব্যক্তি যার জন্মগত লিঙ্গ পরিচয় পুরুষ ছিল কিন্তু পরবর্তীতে তার আচরনে মেয়েলী আচরণ বেশি অনুভূত হয় |
| Transgender | ট্রান্সজেন্ডার | তৃতীয় লিঙ্গ/ রূপান্তরিত মানুষ |
| Transman | ট্রান্সম্যান | রূপান্তরিত পুরুষ |

| ইংরেজি শব্দ<br>English Word | বাংলা উচ্চারণ<br>Bengali Pronunciation | শব্দার্থ<br>Bengali Meaning |
|---|---|---|
| Transmasculine | ট্রান্সম্যাস্কুলিন | রূপান্তরিত ব্যক্তি যার জন্মগত লিঙ্গ পরিচয় নারী ছিল কিন্তু পরবর্তীতে তার আচরনে পুরুষালী আচরণ বেশি অনুভূত হয় |
| Transsexual | ট্রান্সসেক্সুয়াল | মানসিক ও শারিরিকভাবে নিজেকে বিপরীত লিঙ্গের অধিকারী মনে করা |
| Transvestite | ট্রান্সভেস্টাইট | বিপরীত লিঙ্গের পোশাক পরিধানে তৃপ্ত ব্যক্তি |
| Transwoman | ট্রান্সওম্যান | রুপান্তরকামী নারী |
| Woman | ওম্যান | নারী |
| Womanly | ওম্যানলি | নারীসুলভ |

| ইংরেজি শব্দ English Word | বাংলা উচ্চারণ Bengali Pronunciation | শব্দার্থ Bengali Meaning |
|---|---|---|
| Allosexual | অলওসেক্সচুয়াল | যিনি যৌনক্রিয়ায় লিপ্ত হন |
| Androsexuality | অ্যান্ড্রোসেক্সচুয়াল | পুরুষালি আচরণের প্রতি আকর্ষণ |
| Androsexual | অ্যান্ড্রোসেক্সচুয়াল | পুরুষালি আচরণের প্রতি আকর্ষিত ব্যক্তি |
| Asexual | অ্যাসেক্সচুয়াল | যৌনাকাঙ্ক্ষার প্রতি অনীহা |
| Asexuality | আসেক্সচুয়ালিটি | যৌনাকাঙ্ক্ষা বিবর্জিত ব্যক্তি |
| Bisexual | বাইসেক্সচুয়াল | উভকামী ব্যক্তি |
| Bisexuality | বাইসেক্সচুয়াল | নারী পুরুষ উভয়ের সঙ্গে যৌনাচারে লিপ্ত হওয়া |
| Demisexual | ডেমিসেক্সচুয়াল | যৌনকাজে লিপ্ত হওয়ার পূর্বে মানসিক আকর্ষণের প্রয়োজন |
| Fluid sexuality | ফ্লুয়িডসেক্সচুয়ালিটি | বিভিন্ন লিঙ্গে নিজের যৌন আচরণকে দোদুল্যমান রাখার প্রবণতা |
| Graysexual | গ্রেসেক্সচুয়াল | যৌনাকাঙ্ক্ষা থাকা সত্ত্বেও নিয়মিত যৌনাচারে লিপ্ত না হওয়া ব্যক্তি |
| Graysexuality | গ্রেসেক্সচুয়ালিটি | যৌনাকাঙ্ক্ষা থাকা সত্ত্বেও নিয়মিত যৌনাচারে লিপ্ত না হওয়া |
| Gynesexual | গাইনসেক্সচুয়াল | নারী শরীর/ নারীত্বের আচরণের প্রতি আকর্ষিত ব্যক্তি |
| Gynesexuality | গাইনসেক্সচুয়ালিটি | নারী শরীর/ নারীত্বের আচরণের প্রতি আকর্ষণ |
| Heterosexuality | হেটেরোসেক্সচুয়ালিটি | নারী-পুরুষের মধ্যকার যৌন সম্পর্ক |
| Homosexual | হোমোসেক্সচুয়াল | সমকামী ব্যক্তি |
| Homosexuality | হোমোসেক্সচুয়ালিটি | সমকামিতা |
| Pansexual | প্যানসেক্সচুয়াল | লিঙ্গ নির্বিশেষে যৌনাকাঙ্ক্ষা প্রদর্শিত ব্যক্তি |
| Pansexuality | প্যানসেক্সুয়ালিটি | লিঙ্গ নির্বিশেষে যৌনাকাঙ্ক্ষা প্রদর্শন |

| ইংরেজি শব্দ<br>English Word | বাংলা উচ্চারণ<br>Bengali Pronunciation | শব্দার্থ<br>Bengali Meaning |
|---|---|---|
| Polysexual | পলিসেক্সচুয়াল | দুইয়ের অধিক লিঙ্গের অস্তিত্ব মেনে নিয়ে সব লিঙ্গের প্রতি যৌনাকাঙ্ক্ষা প্রদর্শিত ব্যক্তি |
| Polysexuality | পলিসেক্সচুয়ালিটি | দুইয়ের অধিক লিঙ্গের অস্তিত্ব মেনে নিয়ে সব লিঙ্গের প্রতি যৌনাকাঙ্ক্ষা প্রদর্শন |
| Questioning | কোয়েশচনিং | কোন নির্দিষ্ট লিঙ্গ পরিচয়ে আবদ্ধ হতে না চেয়ে উক্ত ব্যাপারে সর্বদা কৌতূহলী থাকা |
| Sapiosexual | স্যাপিওসেক্সচুয়াল | বুদ্ধিদীপ্ততা বা জ্ঞানগর্ভ আলোচনা যার নিকট যৌন উদ্দীপকের কাজ করে |
| Sexual Fluid | সেক্সচুয়াল ফ্লুয়িড | বিভিন্ন সময়ে বিভিন্ন লিঙ্গের প্রতি যৌন আকর্ষণ অনুভব করা |
| Sexual Orientation | সেক্সচুয়াল অরিয়েন্টেশন | কোন ব্যক্তির পছন্দমাফিক যৌন আচরণ/ যৌন পরিচিতি |
| Sexual Preferences | সেক্সচুয়াল প্রিফারেন্সেস | যৌনক্রিয়ার সঙ্গী নির্বাচনে কোন ব্যক্তির অপেক্ষাকৃত বেশি পছন্দের লিঙ্গপরিচয় |
| Sexuality | সেক্সচুয়ালিটি | যৌনক্রিয়ায় উদ্‌বুদ্ধ হওয়ার প্রবণতা |
| Skoiliosexual | এস্কয়লিওসেক্সচুয়াল | নির্দিষ্ট কোন যৌনাঙ্গের প্রতি আকর্ষণ ছাড়াই যৌনক্রিয়ায় উদ্দীপ্ত ব্যক্তি |
| Trans Attracted Privilege | ট্রান্স অ্যাট্রাকটেড প্রিভিলেজ | যৌনক্রিয়া সম্পন্নের জন্য স্ত্রী/পুং লিঙ্গের তুলনায় তৃতীয় লিঙ্গের মানুষের প্রতি বেশি আকর্ষিত হওয়া |

| ইংরেজি শব্দ<br>English Word | বাংলা উচ্চারণ<br>Bengali Pronunciation | শব্দার্থ<br>Bengali Meaning |
|---|---|---|
| Affection | অ্যাফেকশন | স্নেহ, মায়া, মমতা |
| Aromantic | অ্যারোমান্টিক | যে ব্যক্তির মধ্যে ভালবাসাজনিত কোন আবেগপ্রবণতা কাজ করেনা |
| Biromantic | বাইরোমান্টিক | নারী পুরুষ উভয় লিঙ্গের প্রতি ভালবাসাজনিত আবেগপ্রবণতা |
| Bromance | ব্রোমান্স | দুইজন পুরুষের মধ্যে ঘনিষ্ঠ মানসিক সম্পর্ক যেখানে কোন প্রকার যৌনকার্য বিদ্যমান নেই |
| Date | ডেট | একান্তে আবেগপ্রবণ সময় কাটানো |
| Demi Romantic | ডেমিরোমান্টিক | যে সকল মানুষ যৌনাচারে অভ্যস্ত নয় কিন্তু যৌনাচারের পূর্বে তাদের মানসিক বন্ধনের প্রয়োজন হয় |
| Hetero Romantic | হেটেরো রোমান্টিক | বিপরীত লিঙ্গের প্রতি ভালবাসাজনিত আবেগপ্রবণতা |
| Homo Romantic | হোমোরোমান্টিক | সমলিঙ্গের প্রতি ভালবাসাজনিত আবেগপ্রবণতা |
| Hug | হাগ | আলিঙ্গন |
| Kiss | কিস | চুম্বন |
| Love | লাভ | ভালবাসা |
| Pan Romantic | প্যানরোমান্টিক | লিঙ্গ নির্বিশেষে ভালবাসাজনিত আবেগপ্রবণতা |
| Poly Romantic | পলিরোমান্টিক | দুইয়ের অধিক লিঙ্গের অস্তিত্ব মেনে নিয়ে সব লিঙ্গের প্রতি ভালবাসাজনিত আবেগপ্রবণতা |
| Romance | রোমান্স | ভালবাসাজনিত উদ্দীপনা |

| ইংরেজি শব্দ<br>English Word | বাংলা উচ্চারণ<br>Bengali Pronunciation | শব্দার্থ<br>Bengali Meaning |
|---|---|---|
| Anal Lubrication | অ্যানাল লুব্রিকেশন | পায়ুপথ পিচ্ছিলকরণ |
| Anal Sex | অ্যানাল সেক্স | পায়ুপথে যৌনক্রিয়া |
| Anilingus | এইনালিঙ্গাস | ঠোঁট অথবা জিহ্বা দিয়ে পায়ুপথের যৌনউদ্রেক ঘটানোর প্রক্রিয়া |
| Arousal | অ্যারাউজাল | উদ্দীপক/ উত্তেজনাকর |
| BDSM (Bondage and Discipline, Dominance and Submission, Sadomasochism) | বিডিএসএম (বন্ডেজ এন্ড ডিসিপ্লিন, ডোমিনেন্স এন্ড সাবমিশন, সেইডোমাসোকিজম) | যৌনকাজ যেটি স্বেচ্ছায় শারীরিক শাস্তি, অত্যাচার ইত্যাদি আদান প্রদানের মাধ্যমে হয়ে থাকে |
| Bottom | বটম | ব্যক্তি, যিনি তার যোনিদেশে/ পায়ুপথে পুরুষাঙ্গ অথবা অনুরূপ কিছু গ্রহণ করেন |
| Cuckold | কাকোল্ড | ব্যক্তি যিনি স্বামী/স্ত্রী থাকা সত্ত্বেও গোপনে অন্যের সাথে যৌনকাজে মিলিত হন |
| Cunnilingus | কানিলিঙ্গাস | ঠোঁট অথবা জিহ্বা দিয়ে যোনীদেশের যৌনউদ্রেক ঘটানোর প্রক্রিয়া |
| Docking | ডকিং | দুজন ব্যক্তির পুরুষাঙ্গ একসাথে জোড়া দিয়ে ধরার প্রক্রিয়া |
| Doggy Style | ডগি স্টাইল | যৌনকাজের জন্য একটি আসন, যেখানে একজন উপুড় হয়ে নিতম্ব উর্দ্ধে এবং মাথা নিচের দিকে রাখে এবং অন্যজন তার পুরুষাঙ্গ তার যৌনসঙ্গীর শরীরের পিছনে থেকে প্রবেশ করেন |
| Ejaculate | ইজ্যাকুলেট | বীর্যের নিঃসরণ |
| Erection | ইরেকশন | যৌন উদ্দীপনায় লিঙ্গের উত্থিত হওয়া |
| Fingering | ফিঙ্গারিং | আঙুলের সাহায্যে যৌনাঙ্গে উদ্দীপনা সৃষ্টি |
| Foreplay | ফোরপ্লে | যৌনক্রিয়া শুরুর পূর্বে উদ্দীপনামুলক কাজকর্ম |
| Frot | ফ্রট | দুইজন পুরুষের পুরুষাঙ্গের ঘর্ষণের মাধ্যমে যৌন উদ্দীপনার উদ্রেক |
| Cruising | ক্রুইসিং | যৌনসঙ্গী খোঁজার জন্য বিভিন্ন স্থানে বিচরণ |

| ইংরেজি শব্দ English Word | বাংলা উচ্চারণ Bengali Pronunciation | শব্দার্থ Bengali Meaning |
|---|---|---|
| Gangbang | গ্যাংব্যাঙ | যেখানে মূলত একজন ব্যক্তিকে বাকি সবাই মিলে যৌনক্রিয়ায় লিপ্ত হতে বাধ্য করে |
| Gay | গে | সমলিঙ্গের পুরুষের সঙ্গে যৌনক্রিয়ায় লিপ্ত হওয়া |
| Groupsex | গ্রুপসেক্স | তিনের অধিক ব্যক্তির সাথে যৌনক্রিয়ায় লিপ্ত হওয়া |
| Handjob | হ্যান্ডজব | অন্য পুরুষের দ্বারা হস্তমৈথুন |
| Hardcore | হার্ডকোর | পুরুষাঙ্গ অথবা যোনীদেশের মিলনে সম্পন্ন যৌনকর্ম |
| Heterosexual Sex | সেক্সচুয়াল | বিপরীত লিঙ্গের ব্যক্তির সঙ্গে যৌনক্রিয়ায় লিপ্ত হওয়া |
| Homosexual Sex | সেক্সচুয়াল | সমলিঙ্গের ব্যক্তির সঙ্গে যৌনক্রিয়ায় লিপ্ত হওয়া |
| Hump | হাম্প | যৌনাঙ্গের সংস্পর্শ ব্যতীত যৌন উদ্দিপনার সৃষ্টি |
| Intercrural Sex | ইন্টাক্রুর‍্যাল সেক্স | যে যৌনকাজে ব্যক্তি তার পুরুষাঙ্গ তার সঙ্গীর দুই উরুসন্ধির মাঝে ঘষে যৌনকাজ শেষ করেন |
| Lesbian | লেসবিয়ান | সমলিঙ্গের নারীর সঙ্গে যৌনক্রিয়ায় লিপ্ত হওয়া |
| Lick | লিক | চোষা |
| Masturbation | মাস্টারবেশন | হস্তমৈথুন |
| Ninja Sex | নিনজা সেক্স | নিঃশব্দে যৌনকাজ শেষ করার প্রক্রিয়া |
| Non-Penetrative Sex | নন-পেনেট্রেটিভ সেক্স | যোনিদেশ ও পুরুষাঙ্গের মিলন ছাড়াই যে যৌনক্রিয়া সম্পন্ন হয় |
| One Night Stand | ওয়ান নাইট স্ট্যান্ড | যৌনকাজ যেটি একরাতের/ একবারের জন্য স্থায়ী |
| Oral Sex | ওরাল সেক্স | মুখের সাহায্যে যৌনাঙ্গে উদ্দীপনা সৃষ্টি |
| Orgy | অরজি | যৌনক্রিয়ায় লিপ্ত হওয়া |

| ইংরেজি শব্দ<br>English Word | বাংলা উচ্চারণ<br>Bengali Pronunciation | শব্দার্থ<br>Bengali Meaning |
|---|---|---|
| Penetrative Sex | পেনেট্রেটিভ সেক্স | যোনিদেশ ও পুরুষাঙ্গের মিলনে যে যৌনক্রিয়া সম্পন্ন হয় |
| Penile Lubrication | পেনাইল লুব্রিকেশন | পুরুষাঙ্গের পিচ্ছিলকরণ |
| Porn | পর্ন | ছবি, বই, ভিডিও বা অডিও যা মানুষের যৌনউদ্রেক কাজে ব্যবহৃত |
| Quickie | কুইকিই | তড়িঘড়ি করে যে যৌনকাজ শেষ হয় |
| Rubbing Sex | রাবিং সেক্স | শারীরিক ঘর্ষণের মাধ্যমে যৌন উদ্দীপনা |
| Sex Stories | সেক্স স্টোরিজ | যৌনউদ্রেককারী গল্প |
| Sex Toys | সেক্স টয়স | যৌন উদ্রেক খেলনা |
| Sex with Transman | সেক্স উইথ ট্রান্সম্যান | যৌনক্রিয়ায় লিপ্ত হওয়া |
| Sex with Transwoman | সেক্স উইথ ট্রান্সওম্যান | যৌনক্রিয়ায় লিপ্ত হওয়া |
| Sexting | সেক্সটিং | ডিজিটাল মাধ্যমে যৌনউদ্রেক বার্তা প্রদান প্রক্রিয়া |
| Sexual Behavior | সেক্সচুয়াল বিহ্যাভিয়র | যৌন আচরণ |
| Sexual Desire | সেক্সচুয়াল ডিজ্যায়ার | যৌনাকাঙ্ক্ষা |
| Sexual fantasy | সেক্সচুয়াল ফ্যান্টাসি | বিমূর্ত যৌনকল্পনা |
| Sexual Fetish | সেক্সচুয়াল ফেটিশ | বিকৃত যৌনচিন্তা |
| Sexual intercourse | সেক্সচুয়াল ইন্টারকোর্স | যৌনাচার/ যৌন সংসর্গ |
| Sexual Partner | সেক্সচুয়াল পার্টনার | যৌনসঙ্গী |
| Sexual Pleasure | সেক্সচুয়াল প্লেজার | যৌন প্রশান্তি |
| Sexual Satisfaction | সেক্সচুয়াল স্যাটিসফিকেশন | যৌনক্রিয়ায় তৃপ্তি |
| Side | সাইড | ব্যক্তি, যিনি জড়াজড়ি, চুমু খাওয়া, হস্তমৈথুন ইত্যাদির মাঝেই যৌনমিলন সীমিত রাখেন |
| Softcore | সফটকোর | যৌনকাজ সেখানে যোনিদেশ অথবা পুরুষাঙ্গের ব্যবহার নেই |
| Stimulate | ষ্টিমুলেট | উদ্দীপ্তকরণ |

| ইংরেজি শব্দ<br>English Word | বাংলা উচ্চারণ<br>Bengali Pronunciation | শব্দার্থ<br>Bengali Meaning |
|---|---|---|
| Swinging | সুইংগিং | ব্যক্তি যিনি অন্যের সাথে বন্ধনে আবদ্ধ হওয়া সত্ত্বেও, নির্দ্বিধায় এবং পার্টনারের জ্ঞাতসারে আরেকজনের সাথে যৌনকাজে মিলিত হতে পারেন |
| Silicon Sex Organ | সিলিকন সেক্স অর্গান | সিলিকনের তৈরী যৌনাঙ্গ যা দেখতে অবিকল মানুষের যৌনাঙ্গের মতো |
| Threesome | থ্রিসাম | তিনজনে একত্রে যৌনক্রিয়ায় লিপ্ত হওয়া |
| Top | টপ | পায়ুপথে লিঙ্গ প্রবেশ করান ব্যক্তি |
| Tribadism | ট্রিবাডিসম | দুজন নারী অথবা দুজন পুরুষের একে ওপরের শরীরের উপর উঠে ঘষাঘষি করার প্রক্রিয়া |
| Vaginal Lubrication | ভ্যাজাইনাল লুব্রিকেশন | যোনিপথ পিচ্ছিলকরণ |
| Vaginal Sex | ভ্যাজাইনাল সেক্স | যোনিপথে যৌনসঙ্গম |
| Versatile | ভার্সেটাইল | ব্যক্তি, যিনি তার যোনিদেশে/পায়ুপথে পুরুষাঙ্গ অথবা অনুরূপ কিছু গ্রহণ করতে এবং নিজ পুরুষাঙ্গ অন্যের যোনিদেশে/পায়ুপথে প্রবেশ করতে সক্ষম |

| ইংরেজি শব্দ English Word | বাংলা উচ্চারণ Bengali Pronunciation | শব্দার্থ Bengali Meaning |
|---|---|---|
| Abortion | এবোশন | গর্ভপাত |
| Birth Control | বার্থ কন্ট্রোল | জন্ম নিয়ন্ত্রণ |
| Conception | কন্সেপশন | গর্ভধারণ করার প্রথম পর্যায় |
| Family Planning | ফ্যামলি প্লানিং | পরিবার পরিকল্পনা |
| Fetus | ফিটাস | ভ্রূণ |
| Infection | ইনফেকশন | সংক্রমণ |
| Midwife | মিড্ওয়াইফ | একজন ব্যক্তি, সাধারণত একজন মহিলা, যিনি সন্তান প্রসবের ক্ষেত্রে মহিলাদের সহায়তা করার জন্য প্রশিক্ষিত |
| Pregnancy | প্রেগনেন্সি | গর্ভধারণ |
| Reproduction | রিপ্রোডাকশন | যৌনকাজের মাধ্যমে সন্তান জন্মদান প্রক্রিয়া |
| Safe Sex | সেইফ সেক্স | যৌনকাজে বিভিন্ন সর্তর্কতা মূলক ব্যবস্থা যা মানুষ বিভিন্ন যৌন সংক্রামিত রোগের বিরুদ্ধে নিজেদের রক্ষা করার জন্য অবলম্বন করে |
| Sexual Health | সেক্সচুয়াল হেলথ | যৌন স্বাস্থ্য |
| Sexually Transmitted Disease (STD) | সেক্সচুয়ালি ট্রান্সমিটেড ডিজিজ (এসটিডি) | যৌনবাহিত রোগ |

| ইংরেজি শব্দ English Word | বাংলা উচ্চারণ Bengali Pronunciation | শব্দার্থ Bengali Meaning |
|---|---|---|
| Coming Out | কামিং আউট | নিজেকে সমকামী হিসেবে সমাজের কাছে পরিচিত করার প্রথম পর্যায় |
| Gender and Sexual Minorities | জেন্ডার এন্ড সেক্সচুয়াল মাইনোরিটিজ | একটি শব্দসমষ্টি যেটি লিঙ্গবৈচিত্র ও যৌন সংখ্যালঘুদের একটি ক্ষুদ্র সংঘকে নির্দেশ করে |
| Heterosexual Marriage | হেটরোসেক্সচুয়াল ম্যারেজ | বিপরীত লিঙ্গের বিয়ে (নারী-পুরুষ) |
| Homosexual Marriage | হোমোসেক্সচুয়াল ম্যারেজ | সমলৈঙ্গিক বিয়ে (পুরুষ-পুরুষ অথবা নারী-নারী) |
| In Closet | ইন ক্লোজেট | একজন সমকামী ব্যক্তি যিনি নিজের সমকামী বৈশিষ্ঠের কথা সমাজ থেকে গোপন রাখেন |
| Marriage Equality | ম্যারেজ ইকুয়ালিটি | একটি শব্দগুচ্ছ যেটি সকল ধরণের বিয়েকে একই রকম গুরুত্বপূর্ণ হিসেবে নির্দেশ করে |
| Queer | কুয়ের | একটি শব্দ যার মাধ্যমে সমকামী, তৃতীয় লিঙ্গ, উভলিঙ্গসহ সকল যৌন সংখ্যালঘুদেরকে বোঝায় |
| Same Gender Couple | সেইম জেন্ডার কাপল | সমলৈঙ্গিক দম্পতি |
| Same Gender Marriage | সেইম জেন্ডার ম্যারেজ | সমলৈঙ্গিক বিয়ে (পুরুষ-পুরুষ অথবা নারী-নারী) |
| Same Gender Parents | সেইম জেন্ডার প্যারেন্টস | সমলৈঙ্গিক অভিভাবক |
| To Out | ইন আউট | নিজেকে সমকামী হিসেবে সমাজের কাছে পরিচিত করা |

| ইংরেজি শব্দ English Word | বাংলা উচ্চারণ Bengali Pronunciation | শব্দার্থ Bengali Meaning |
|---|---|---|
| Androcracy | এন্ডোক্র্যাসি | একটি সামাজিক নীতি যেটি পুরুষ দ্বারা নিয়ন্ত্রিত |
| Bimisogyny | বাইমিসোজিনি | অনুমান অথবা ভ্রান্ত ধারণার উপর ভিত্তি করে অথবা কোনো কারণ ছাড়াই উভকামী ব্যক্তির প্রতি বিদ্বেষ ও ঘৃণা |
| Biphobia | বাইফোবিয়া | যারা সমলিঙ্গ এবং বিপরীতলিঙ্গ উভয় প্রকারেই যৌনকর্ম করে তাদের প্রতি একটি ঘৃণার অনুভূতি |
| Bodily Autonomy | বডিলি অটোনোমি | কোন ব্যক্তির, তার নিজের শরীর, কে, কিসের জন্য এবং কতদিন ধরে ব্যবহার করতে পারবে, তার উপর তার নিজের নিয়ন্ত্রণ আছে |
| Bodily Integrity | বডিলি ইন্টিগ্রিটি | নিজের দেহের উপর মানুষের আত্মনির্ভরশীলতার নির্দেশক |
| Body Image | বডি ইমেজ | একজন ব্যক্তির তার নিজের শরীর সমন্ধে ইতিবাচক ধারণা |
| Body Positive | বডি পসিটিভ | সকল ধরণের, আকারের ও রঙের দেহকে ইতিবাচক হিসেবে দেখার মানসিকতা |
| Body Shaming | বডি শেইমিং | কোনো বেক্তিকে তার শরীরের আকার নিয়ে উপহাস করা |
| Breast Ironing | ব্রেস্ট আয়রনিং | নারীর বক্ষযুগলের বৃদ্ধি বন্ধে গরম লোহার ইস্ত্রি জাতীয় বস্তু দিয়ে বক্ষ সমান করার প্রক্রিয়া |
| Broflake | ব্রোফ্লেক | এমন একজন ব্যক্তি যিনি তার রক্ষণশীল দৃষ্টিভঙ্গির সাথে প্রগতিশীল চিন্তাধারার অমিলের কারণে সহজেই বিরক্ত বা বিক্ষুব্ধ হন। |
| Bropropriating | ব্রোপ্রোপ্রিএইটিং | কোনো নারীর উদ্ভাবন হরণ করা এবং সেই উদ্ভাবনে উক্ত নারীর অবদান অস্বীকার করা |

| ইংরেজি শব্দ English Word | বাংলা উচ্চারণ Bengali Pronunciation | শব্দার্থ Bengali Meaning |
|---|---|---|
| Ciscentrism | সিস্‌সেন্ট্রিজম | তৃতীয় লিঙ্গ বা অন্য কোনো সংখ্যালঘু গোষ্ঠীর বিরুদ্ধে একটি পক্ষপাত এবং বৈষম্যমূলক ব্যবস্থা যা সাধারণ পুরুষ সমাজের পক্ষে যায় |
| Cisnormativity | সিস্নর্মাটিভিটি | একটি শব্দ যার মাধ্যমে অনুমান করা হয় যে, পৃথিবীর সকল ব্যক্তি জন্মসূত্রে পুরুষ অথবা নারী এবং জন্মসূত্রে পাওয়া সেই লৈঙ্গিক পরিচয়ই তিনি আজীবন ধারণ করেন |
| Cisocracy | সিসোক্রেসি | একটি সামাজিক নীতি যেটি পুরুষ দ্বারা নিয়ন্ত্রিত |
| Consent | কনসেন্ট | সম্মতি |
| Discriminate | ডিস্ক্রিমিনেইট | বৈষম্য |
| Domestic Violence | ডোমেস্টিক ভায়োলেন্স | বাড়িতে সহিংস বা আক্রমনাত্মক আচরণ, সাধারণত একটি নারী, একটি পুরুষের দ্বারা নিজ বাড়িতে সহিংস আচরণের শিকার |
| Eve Teasing | ইভ টিজিং | কোন উন্মুক্ত স্থানে পুরুষ কর্তৃক নারীকে অবাঞ্ছিত যৌন মন্তব্য করা |
| Femicide | ফেমিসাইড | একজন মহিলা বা মেয়েকে তার নারী হওয়ার কারণে হত্যা |
| Gender Equality | জেন্ডার ইকুয়ালিটি | লৈঙ্গিক সমতা |
| Gender Inequality | জেন্ডার ইনকুয়ালিটি | লিঙ্গ বৈষম্য |
| Genital Mutilation | জেনিটাল মিউটিলেশন | ইচ্ছাকৃত ভাবে এবং সামাজিক ঐতিহ্যের অংশ হিসেবে নারী বা পুরুষের যৌনাঙ্গের কিছু অংশের অপসারণ |
| Heterocentrism | হেট্রোসেন্ট্রিজম | একটি বিশ্বাস যেটি শুধু বিপরীত লিঙ্গের সাথে যৌনসম্পর্ককে সামাজিক, প্রাকৃতিক ও সাধারণ মনে করে |
| Heterocisandrocracy | হেট্রোসিসিন্ড্রোক্রেসি | একটি সামাজিক নীতি যেটি পুরুষ দ্বারা নিয়ন্ত্রিত |

| ইংরেজি শব্দ English Word | বাংলা উচ্চারণ Bengali Pronunciation | শব্দার্থ Bengali Meaning |
|---|---|---|
| Heterocracy | হেটরোক্রেসি | একটি সামাজিক নীতি যেটি পুরুষ দ্বারা নিয়ন্ত্রিত |
| Heteronormativity | হেট্রোনর্মাটিভিটি | একটি শব্দ যেটি শুধুমাত্র বিপরীত লিঙ্গের মানুষের সাথে যৌনকাজ করাকে প্রাকৃতিক ও সামাজিক হিসেবে অভিহিত করে |
| Homomisogyny | হোমোমিসোজিনি | অনুমান অথবা ভ্রান্ত ধারণার উপর ভিত্তি করে অথবা কোনো কারণ ছাড়াই সমকামী ব্যক্তির প্রতি বিদ্বেষ ও ঘৃণা |
| Homophobia | হোমোফোবিয়া | সমকামীদের প্রতি একটি ঘৃণার অনুভূতি |
| Hostile Sexism | হোস্টাইল সেক্সিজম | কোনো লিঙ্গ সম্পর্কে অনবরত অনুমান প্রসূত বিশ্লেষণ করা এবং সেই লিঙ্গকে অধস্তন হিসেবে পরিচিত করা |
| Human Rights | হিউম্যান রাইটস | মানবাধিকার |
| Internalized Sexism | ইন্টার্নালাইজড সেক্সিজম | অনুমান অথবা ভ্রান্ত ধারণার উপর ভিত্তি করে নির্দিষ্ট একজনকে বিবেচনা করা এ |
| Intersectionality | ইন্টারসেকশনালিটি | কোনো ব্যক্তি বা গোষ্ঠীকে তার জাতি, শ্রেণী এবং লিঙ্গ ভেদে বিভাগ করা যার মাধ্যমে সামাজিক বৈষম্যের সৃষ্টি হয় |
| Intersex Phobia | ইন্টারসেক্স ফোবিয়া | উভলিঙ্গের প্রতি একটি ঘৃণার অনুভূতি |
| Kyriarchy | কাইরিয়ার্কি | সকল ধরণের বৈষম্য যেগুলো এক সময়ে প্রতিষ্ঠানিক রূপ লাভ করে |
| Malestream | মেলস্ট্রিম | পুরুষতান্ত্রিক গবেষণাপ্রসূত ফলাফল নারীর উপর চাপিয়ে দেয়ার প্রক্রিয়া |
| Mangaze | ম্যানগেইজ | পুরুষ কর্তৃক নারীকে ভোগ্য বস্তু হিসেবে উপস্থাপন করা |
| Mansplain | ম্যান্সপ্লেইন | কোনো ব্যক্তিকে তার বিষয়ে তাচ্ছিল্যভরে কোনো বিষয়ে বোঝানো বা উপদেশ দেয়া |
| Manspreading | ম্যান্সপ্রেডিং | যানবাহনে পুরুষের দুই পা দুদিকে ছড়িয়ে বসা |

| ইংরেজি শব্দ English Word | বাংলা উচ্চারণ Bengali Pronunciation | শব্দার্থ Bengali Meaning |
|---|---|---|
| Manterrupt | মানটাররাপ্ট | নারীর কোনো কাজে পুরুষের অযাচিত হস্তক্ষেপ |
| Marital Rape | ম্যারিটাল রেইপ | একজন যে ব্যক্তিটি বিয়ে করেছে সেই ব্যক্তির দ্বারা ধর্ষিত হওয়া |
| Microaggression | মাইক্রোএগ্রেশন | কোনো ক্ষুদ্র গোষ্ঠী বা সংখ্যালঘু সম্প্রদায়ের প্রতি অনিচ্ছাকৃত বৈষম্য |
| Misogynindi | মিসোজিনিনডি | নারীর প্রতি অনুমাননির্ভর তীব্র ভ্রান্ত ধারণা |
| Misogynist | মিসোজিনিস্ট | একজন ব্যক্তি যিনি অনুমান অথবা ভ্রান্ত ধারণার উপর ভিত্তি করে অথবা কোনো কারণ ছাড়াই নারীদের ঘৃণা করেন |
| Misogynoir | মিসোজিনিওয়া | অনুমান অথবা ভ্রান্ত ধারণার উপর ভিত্তি করে অথবা কোনো কারণ ছাড়াই শ্যাম বর্ণের নারীদের প্রতি বিদ্বেষ ও ঘৃণা |
| Misogyny | মিসোজিনি | অনুমান অথবা ভ্রান্ত ধারণার উপর ভিত্তি করে অথবা কোনো কারণ ছাড়াই নারীদের প্রতি বিদ্বেষ ও ঘৃণা |
| Objectify | অব্জেক্টিফাই | কোনো ব্যক্তিকে তাচ্ছিল্যের সাথে কোনো নিকৃষ্ট বস্তুর সাথে তুলনা করা |
| Patriarchy | প্যাট্রিয়াকি | পুরুষতান্ত্রিক |
| Patrilineage | পেট্রিলিনিয়াজ | একটি শব্দ যা পুরুষতান্ত্রিক বংশ পরম্পরাকে নির্দেশ করে |
| Perpetrator | পারপেট্রেইটর | অপরাধী |
| Prejudice | প্রেজুডিস | অনুমান অথবা ভ্রান্ত ধারণা |
| Privilege | প্রিভিলেজ | সুবিধা |
| Rape | রেইপ | অন্যের ইচ্ছার বিরুদ্ধে এবং জোরপূর্বক কারো সাথে যৌনকর্ম করা |
| Rights | রাইটস | অধিকার |
| Sex Positive | সেক্স পসিটিভ | যৌন বা যৌনতার প্রতি উন্মুক্ত, সহনশীল, বা প্রগতিশীল দৃষ্টিভঙ্গি থাকা বা প্রচার করা |

| ইংরেজি শব্দ<br>English Word | বাংলা উচ্চারণ<br>Bengali Pronunciation | শব্দার্থ<br>Bengali Meaning |
|---|---|---|
| Sexism | সেক্সিজম | অনুমান অথবা ভ্রান্ত ধারণার উপর ভিত্তি করে কাউকে বিবেচনা করা (অধিকাংশ ক্ষেত্রে নারী এবং যৌন সংখ্যালঘুদের) |
| Sexist | সেক্সিস্ট | একজন ব্যক্তি অথবা তার অনুমান যা ভ্রান্ত ধারণার উপর ভিত্তি করে সূচিত |
| Sexual Abuse | সেক্সচুয়াল এবুউজ | যৌন নির্যাতন |
| Sexual Assault | সেক্সচুয়াল এসল্ট | জোরপূর্বক যৌন কর্ম অর্জনের মাধ্যমে কোনো ব্যক্তির ক্ষতিসাধন করা |
| Sexual Favour | সেক্সচুয়াল ফেভার | যৌনকর্ম যেটি কোনো কাজ বা সুবিধা পাওয়ার জন্য করা হয়ে থাকে |
| Sexual Harassment | সেক্সচুয়াল হ্যারাসমেন্ট | যৌন হয়রানি |
| Sexual Violence | সেক্সচুয়াল ভায়োলেন্স | কোনও সহিংসতার মাধ্যমে জোরপূর্বক যৌন কর্ম অর্জনের প্রচেষ্টা |
| Slut Shaming | স্লাট শেইমিং | কোনো নারীকে অযাচিত ভাবে গালমন্দ করা এবং যৌনকর্মীরূপে আখ্যায়িত করা |
| Stereotype | স্টিরিওটাইপ | কোনো ব্যক্তি বা বস্তু সম্পর্কে বহুদিন ধরে প্রচারিত বৈশিষ্ট যেটি ওই ব্যক্তি বা বস্তুর প্রকৃত ও বর্তমান বৈশিষ্ট নাও হতে পারে |
| Stigmatize | স্টিগমাটাইজ | অনুমানের উপর ভিত্তি করে কোনো বিষয় কে কলঙ্কপূর্ণ করা |
| Subtle Sexism | সাবটল সেক্সিজম | চতুর অনুমান অথবা ভ্রান্ত ধারণার উপর ভিত্তি করে কাউকে বিবেচনা করা এবং এমনভাবে সমাজে সেটি প্রচার করা যাতে সেটি সঠিক বলে বিবেচিত হয় |
| Third Gender Phobia | থার্ড জেন্ডার ফোবিয়া | তৃতীয় লিঙ্গের প্রতি একটি ঘৃণার অনুভূতি |
| Toxic Masculinity | টক্সিক মাসকুলিনীটি | সমাজে ক্ষমতাধর পুরুষের অযাচিত চিন্তাধারার বাস্তবায়ন |
| Transbashing | ট্রান্সব্যাশিং | লিঙ্গান্তর এর কারণে একটি ব্যক্তিকে মৌখিকভাবে বা শারীরিকভাবে যৌন হেনস্তার করা |

| ইংরেজি শব্দ<br>English Word | বাংলা উচ্চারণ<br>Bengali Pronunciation | শব্দার্থ<br>Bengali Meaning |
|---|---|---|
| Transmisogyny | ট্রান্সমিসোজিনি | অনুমান অথবা ভ্রান্ত ধারণার উপর ভিত্তি করে অথবা কোনো কারণ ছাড়াই তৃতীয় লিঙ্গের ব্যক্তির প্রতি বিদ্বেষ ও ঘৃণা |
| Transphobia | ট্রান্সফোবিয়া | তৃতীয় লিঙ্গের প্রতি একটি ঘৃণার অনুভূতি |
| Truscum | ট্রাউসকাম | কিছু মানুষ যারা মনে করেন একজন ব্যক্তি তখনি তৃতীয় লিঙ্গের অংশ হবে যখন তার তাদের লিঙ্গ পরিচয় নিয়ে মানসিক দ্বিধায় ও মনোকষ্টে থাকবে |
| Victim | ভিক্টিম | অপরাধের শিকার ব্যক্তি |

| শব্দ Word | সাধারণ অর্থ Bengali Meaning | ইংরেজি শব্দ English Word | উচ্চারণ Pronunciation |
|---|---|---|---|
| কঙ্কনমাসী | মোবাইল | Cellphone | সেলফোন |
| কতি | পায়ুপথে পুরুষাঙ্গ গ্রহন করে যৌনকর্মে লিপ্ত ব্যক্তি | Bottom | বটোম |
| খোমা | মুখমন্ডল | Face | ফেইস |
| খোমায় টাকা | মুখ দিয়ে যৌনাঙ্গ লেহন | Sucking | সাকিং |
| খোল | বাড়ি | House | হাউজ |
| গোতিয়া | ঘনিষ্ঠ বন্ধু | Best friend | বেস্ট ফ্রেন্ড |
| চিস | সুন্দর | Attractive | অ্যাটরাক্টিভ |
| ছুদরানি | বীর্য | Semen | সিমেন |
| ঝলকা | টাকা | Money | মানি |
| টমকানো | ঘুমানো | Sleeping | স্লিপিং |
| টাকনি | খাবার | Food | ফুড |
| ডবকা | উন্নমিত/ বিকশিত | Uplifted/exuberate | আপলিফ্টেড |
| তরসো | রূপচর্চা | Makeup | মেকআপ |
| দোপাট্টা/গাইরা | একজন ব্যক্তি যিনি যৌনিদেশে নিজের লিঙ্গ প্রবেশ অথবা গ্রহণ করতে পারেন | Versatile | ভার্সেটাইল |
| ধুরবিলা | যৌন সংসর্গ | Sexual intercourse | সেক্সুয়াল ইন্টারকোর্স |
| ধুরানি | ব্যক্তি যে সচরাচর যৌনকাজ করে থাকে | Prostitute | প্রস্টিটিউট |
| পানতি | সুন্দর চেহারার অধিকারি বালক/ পুরুষ | Beautiful Boy/Man | বিউটিফুল বয়/ ম্যান |
| পারিক | স্বামী | Husband | হাজব্যান্ড |
| পুটকি | মলদ্বার | Asshole | অ্যাসহোল |
| বাট্টু | নিতম্ব | Buttocks | বাটোকস |
| বেচিস | অসুন্দর | Unattractive | আনঅ্যাটরাক্টিভ |
| ভেলকি | চটকদারিতা | Gimmick | গিমিক |
| ভোদা | যোনি | Vagina | ভ্যাজাইনা |
| লিগাম | পুরুষাঙ্গ | Penis | পেনিস |

| শব্দ Word | সাধারণ অর্থ **Bengali Meaning** | ইংরেজি শব্দ **English Word** | উচ্চারণ **Pronunciation** |
|---|---|---|---|
| সপ্পরো | হিজড়া | Transgender | ট্রান্সজেন্ডার |
| সাদরা | শাড়ি | Saree (women's attire) | সারি |
| সিসবিলা | প্রসাব করা/ মূত্র বিসর্জন | Urinate | ইউরিনেট |
| নাট্টু | ছোট | Small | স্মল |
| নেহারুন | মেয়ে | Girl | গার্ল |

সমাপ্তি - END

Published By

INCLUSIVE BANGLADESH
... including human rights

9 789843 492722

Copyright © 2019 by Inclusive Bangladesh